গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০৬.১৭.২৩৫

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৯
০৭ জুলাই ২০২২

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২২' পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা ২৭ জুন ২০২২ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত হয়। উক্ত দিবসটি যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের নিমিত্ত অনুমোদিত সরকারি কর্মসূচি বাস্তবায়নের জন্য আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ করছেন। কার্যবিবরণীটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: সভার কার্যবিবরণী (1316/potrojariAttachmentRef/76717/0/4289)

যোগাযোগ শাখা
12 JUL 2022
পত্র তারেরী নং....

৭-৭-২০২২
মোঃ আবদুল কাদির
উপসচিব
ফোন: +৮৮০-২-৪৭১২৪৩৫৯
ইমেইল: admin3@ssd.gov.bd

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০৬.১৭.২৩৫/১(২)

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৯
০৭ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

৭-৭-২০২২
মোঃ আবদুল কাদির
উপসচিব

---

কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০০১.২২- ৭৬৪

তারিখঃ ৩০ আষাঢ়' ১৪২৯
১৪ জুলাই' ২০২২

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নম্বর-৫৮.০০.০০০০.০১৪.২৩.০০৬.১৭.২৩৫ তারিখ ০৭-০৭-২০২২ এবং মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২২.৫২০ তারিখ ০৩-০৭-২০২২ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
২। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর (মেইলযোগে)।
৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল, কেন্দ্রীয়/জেলা কারাগার (মেইলযোগে)।
৪। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী।
৫। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৬। পরিচালক, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট, ঢাকা।
৭। প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২/স্টাফ অফিসার/বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট/আইসিটি সেল/প্রিজন ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৯। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
১০। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক (স:দ:) মহোদয়ের সদয় অবগতির জন্য।
১১। ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

১৪/০৭/২০২২
মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া
বিজে-০১৮৫১২০০৫৪১
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন-৫৭৩০০৪৬৬ (দপ্তর)
aig.adm@prison.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৯
০৩ জুলাই ২০২২

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২২.৫২০

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২২' পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি/সিদ্ধান্ত বাস্তবায়ন।

আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২২' পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা ২৭.০৬.২০২২ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত হয়। উক্ত দিবসটি যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের নিমিত্ত অনুমোদিত সরকারি কর্মসূচি অনুযায়ী তাঁর মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয় সংশ্লিষ্ট কর্মসূচি/সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে এইসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণীর কপি।

৩-৭-২০২২
মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব
ফোন: ৫৫১০০৯৭১
ইমেইল:
general_sec@cabinet.gov.bd

বিতরণ :
১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) সিনিয়র সচিব/সচিব (সকল)
৩) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ
৪) পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ
৫) রাষ্ট্রপতির সামরিক সচিব, আপন বিভাগ
৬) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটান পুলিশ
৭) কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকা
৮) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর
৯) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর
১০) বিভাগীয় কমিশনার (সকল)
১১) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো
১২) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন
১৩) মহাপরিচালক, বাংলাদেশ বেতার
১৪) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
১৫) মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর
১৬) মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
১৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) অনুবিভাগ
যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন/বাজেট/মিশন)

১৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

১৯) জেলা প্রশাসক (সকল)

২০) পুলিশ সুপার, গোপালগঞ্জ জেলা

২১) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২২.৫২০/১(৯৩)

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৯
০৩ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।

২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ

৩) সচিব, সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ

৩-৭-২০২২
মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

## স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী

সভার তারিখ : ২৭ জুন ২০২২

সময় : সকাল ১০:০০ ঘটিকা

স্থান : মন্ত্রিপরিষদ কক্ষ, মন্ত্রিপরিষদ বিভাগ

সভাপতি : খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

০১। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনার সূত্রপাত করেন। সভাপতি বলেন যে, শোক দিবস পালন উপলক্ষ্যে কর্মসূচি চূড়ান্তকরণ এবং গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে এই সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) মিজ্ সেলিনা পারভেজ প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে সমগ্র বাংলাদেশে ও প্রবাসে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়:

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | (ক) সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, সংস্থা ও দপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| | (খ) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে এবং আলোচনা সভার আয়োজন করা হবে। | (খ) পররাষ্ট্র মন্ত্রণালয় |
| | সহায়ক কার্যক্রম : | |
| | (ক) বাংলাদেশ টেলিভিশন জাতীয় পতাকা অর্ধনমিত রাখা এবং মানসম্মত কাপড়ে যথানিয়মে জাতীয় পতাকা প্রস্তুত করার বিষয়ে ব্যাপক প্রচার করবে। | (ক) বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার |
| | (খ) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালন করবে। | (খ) পররাষ্ট্র মন্ত্রণালয় |
| | (গ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে প্রচারের জন্য যাবতীয় সিডি, পোস্টার ও অন্যান্য সামগ্রী (সফ্টকপিসহ) পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিকট পর্যাপ্ত সময় পূর্বে হস্তান্তর করবে। | (গ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| ২. | সকাল ৬:৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত।<br><br><u>সহায়ক কার্যক্রম:</u><br>(ক) সশস্ত্র বাহিনী বিভাগ পুষ্পস্তবক অর্পণ, অনার গার্ড প্রদান, পবিত্র কোরআন তেলাওয়াত এবং মোনাজাতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>(খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ বঙ্গবন্ধুর প্রতিকৃতি সংস্কার (প্রয়োজন অনুযায়ী), সম্মুখস্থ রাস্তায় ত্রিপলসহ প্যান্ডেল তৈরি, আসন ব্যবস্থা, স্পট/ফ্লাড/অন্যান্য লাইট স্থাপন, অনুষ্ঠানস্থলে পর্যাপ্ত সংখ্যক ফ্যানের ব্যবস্থা, দেয়াল ও গ্রীল রঙকরণ, অনুষ্ঠানস্থল যথাযথভাবে সজ্জিতকরণ, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর জন্য পুষ্পস্তবক সরবরাহ এবং প্রতিকৃতি-সংলগ্ন ফোয়ারায় পানি প্রবাহের মটর চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>(গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনুষ্ঠানস্থলের সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষা, অগ্নিনির্বাপক যন্ত্রসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের প্রয়োজনীয় সংখ্যক গাড়ি রাখা, ট্রাফিক নিয়ন্ত্রণ ও গাড়ি পার্কিংয়ের প্রয়োজনীয় ব্যবস্থা করবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় জাতীয় শোক দিবস পালন সংক্রান্ত সার্বিক নিরাপত্তার বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনী ও সংশ্লিষ্টদের নিয়ে জুলাই ২০২২ মাসে একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০২২ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে।<br><br>(ঘ) স্বাস্থ্য সেবা বিভাগ অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>(ঙ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল ও এর পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। লেক সংলগ্ন বঙ্গবন্ধুর প্রতিকৃতির দুই পাশের লেকের ফোয়ারা চালু রাখতে হবে।<br><br>(চ) অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক মাইক্রোফোনের ব্যবস্থা গ্রহণ করবে। | <br><br><br><br>(ক) সশস্ত্র বাহিনী বিভাগ<br><br>(খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়<br><br>(গ) জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ<br><br>(ঘ) স্বাস্থ্য সেবা বিভাগ<br><br>(ঙ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, জেলা প্রশাসন ঢাকা এবং বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ<br><br>(চ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং গণযোগাযোগ অধিদপ্তর |
| ৩. | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭:৩০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও মোনাজাত।<br><br><u>সহায়ক কার্যক্রম:</u><br>(ক) সশস্ত্র বাহিনী বিভাগ পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং পবিত্র কোরআন তেলাওয়াত, ফাতেহা পাঠ ও মোনাজাতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>(খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি সরবরাহ করবে।<br>(গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনুষ্ঠানস্থলে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | <br><br><br><br>(ক) সশস্ত্র বাহিনী বিভাগ<br><br>(খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়<br><br>(গ) জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ |

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| | (ঘ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল এবং পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, ত্রিপলযুক্ত প্যান্ডেল স্থাপনসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।<br>(ঙ) স্বাস্থ্য সেবা বিভাগ অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা গ্রহণ করবে।<br>(চ) অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক মাইক্রোফোনের ব্যবস্থা গ্রহণ করবে। | (ঘ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন<br>(ঙ) স্বাস্থ্য সেবা বিভাগ<br>(চ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং গণযোগাযোগ অধিদপ্তর |
| ৪. | ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার সকাল ১০:০০ ঘটিকায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত।<br>সহায়ক কার্যক্রম:<br>(ক) সশস্ত্র বাহিনী বিভাগ অনার গার্ড প্রদান ও পুষ্পস্তবক অর্পণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>(খ) জেলা প্রশাসন, গোপালগঞ্জ প্রয়োজনীয় পুষ্পস্তবক সরবরাহ করবে।<br>(গ) জেলা প্রশাসন, গোপালগঞ্জ ফাতেহা পাঠ ও মোনাজাতের ব্যবস্থা গ্রহণ করবে।<br>(ঘ) পুলিশ সুপার, গোপালগঞ্জ অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তা এবং অনুষ্ঠানস্থলে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>(ঙ) সিভিল সার্জন, গোপালগঞ্জ অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা করবেন।<br>(চ) গণপূর্ত বিভাগ অনুষ্ঠানস্থলের সার্বিক পরিস্কার-পরিচ্ছন্নতাসহ প্রয়োজনীয় সংস্কারের ব্যবস্থা করবে।<br>(ছ) অনুষ্ঠানস্থলে মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্যসচিবসহ মাননীয় প্রধানমন্ত্রীর সফরসঙ্গীদের দাঁড়িয়ে সম্মান দেখানোর জন্য স্থান সংকুলানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) সশস্ত্র বাহিনী বিভাগ<br>(খ) জেলা প্রশাসক, গোপালগঞ্জ<br>(গ) জেলা প্রশাসক, গোপালগঞ্জ<br>(ঘ) পুলিশ সুপার, গোপালগঞ্জ<br>(ঙ) সিভিল সার্জন, গোপালগঞ্জ<br>(চ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়<br>(ছ) সশস্ত্র বাহিনী বিভাগ ও জেলা প্রশাসক, গোপালগঞ্জ |
| ৫. | টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে বিশেষ দোয়া মাহফিলের আয়োজন। | জেলা প্রশাসক, গোপালগঞ্জ |
| ৬. | সারাদেশের মসজিদসমূহে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,<br>বিভাগীয় কমিশনার (সকল),<br>জেলা প্রশাসক (সকল),<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৭. | জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে বাংলাদেশ বেতার এবং বাংলাদেশ টেলিভিশন কর্তৃক বিশেষ অনুষ্ঠানমালা প্রচার।<br>সহায়ক কার্যক্রম:<br>বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার জাতীয় শোক দিবসের উল্লেখযোগ্য অনুষ্ঠানসমূহ সরাসরি সম্প্রচার করবে। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারের মাধ্যমে অন্যান্য বেসরকারি টেলিভিশন, রেডিও চ্যানেল ও কমিউনিটি রেডিও যাতে উক্ত অনুষ্ঠানসমূহ সরাসরি সম্প্রচার করে সে বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়,<br>বাংলাদেশ বেতার,<br>বাংলাদেশ টেলিভিশন এবং কমিউনিটি রেডিও |
| ৮. | (ক) জাতীয় দৈনিক ও সাময়িকীতে ক্রোড়পত্র প্রকাশ, পোস্টার মুদ্রণ ও বিতরন এবং বঙ্গবন্ধুর উপর প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন করতে হবে।<br>(খ) শিক্ষা প্রতিষ্ঠান এবং গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | (ক) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর<br>(খ)-প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার |

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| | (গ) জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সারাদেশে গৃহীত কর্মসূচির ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | কল্যাণ বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন<br>(গ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| ৯. | জাতীয় শোক দিবসের তাৎপর্য উল্লেখ করে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের মাধ্যমে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ সকল মোবাইল গ্রাহককে ক্ষুদে বার্তা প্রেরণ করবে। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন |
| ১০. | শিক্ষা প্রতিষ্ঠান, শিশু একাডেমি বা অনুরূপ প্রতিষ্ঠানের অনুরোধের ভিত্তিতে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর জাতীয় শোক দিবস ও বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন করতে পারে। | কিউরেটর,<br>বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর<br>ও মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি |
| ১১. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর ও সংস্থা জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত অধিদপ্তর, সংস্থা ও দপ্তর |
| | <u>সহায়ক কার্যক্রম:</u><br>(ক) সরকারি-বেসরকারি সকল প্রাথমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা, কলেজ, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয় ছাত্র/ছাত্রীদের জন্য সংসদ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করবে। | (ক) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন |
| | (খ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় তার অধীনস্থ সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে আলোকচিত্র প্রদর্শনী, নিরীক্ষা, নবারুণ, সচিত্র বাংলাদেশ ও বাংলাদেশ কোয়ার্টারলির বিশেষ সংখ্যা প্রকাশ, স্মরণিকা ও বিশেষ নিবন্ধ প্রকাশ, আলোচনা সভা ও অন্যান্য কার্যক্রম গ্রহণ করবে। গণযোগাযোগ অধিদপ্তর প্রয়োজনীয় ক্ষেত্রে শব্দযন্ত্র সরবরাহ করবে। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা গ্রন্থ দুটির পাঠ আগস্ট মাসব্যাপি প্রচারের ব্যবস্থা করবে এবং কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার আগস্ট মাসের শুরুতেই বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে শোক দিবসের কর্মসূচি পালন শুরু করবে। | (খ) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বাসস, পিআইবি, বিএফডিসি, ডিএফপি ও কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর |
| | (গ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় তার অধীনস্থ সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। এছাড়া ইসলামিক ফাউন্ডেশন সারাদেশে ফাউন্ডেশনের সকল দপ্তরে পবিত্র কোরআন তেলাওয়াত, হামদ-নাত, আলোচনা সভা ও দোয়া মাহফিলের মাধ্যমে দিবসটি পালন করবে। | (গ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) |

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| | (ঘ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় তার আওতাধীন সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে।<br><br>(ঙ) সমাজকল্যাণ মন্ত্রণালয় তার অধীনস্থ সমাজসেবা অধিদপ্তর, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, সরকারি শিশু পরিবারসহ অন্যান্য সংস্থা, দপ্তর ও প্রতিষ্ঠানে পবিত্র কোরআন তেলাওয়াত, আলোচনা অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, হামদ-নাত ও দোয়া মাহফিলের আয়োজন করবে।<br><br>(চ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় তার অধীনস্থ সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে।<br>(ছ) সোহরাওয়ার্দী উদ্যানে স্থাপিত স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘরের আশ-পাশের এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘর শিক্ষার্থী ও দর্শনার্থীদের জন্য বিনামূল্যে পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>(জ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় তার অধীনস্থ সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে।<br><br>(ঝ) সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এনজিও বিষয়ক ব্যুরো সকল বেসরকারি সংস্থা (এনজিও) এবং সারাদেশে এনজিও-এর মাধ্যমে পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। | (ঘ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br><br>(ঙ) সমাজকল্যাণ মন্ত্রণালয়<br><br>(চ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়<br><br>(ছ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জেলা প্রশাসন, ঢাকা<br><br>(জ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br><br>(ঝ) সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এনজিও বিষয়ক ব্যুরো |
| ১২. | (ক) জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জেলা ও উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। সকল মন্ত্রণালয়/বিভাগ অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।<br><br>(খ) জাতীয় শোক দিবসের সামগ্রিক প্রস্তুতি পর্যালোচনার নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের সঙ্গে ভিডিও কনফারেন্স করবে। | (ক) মন্ত্রিপরিষদ বিভাগ, মন্ত্রণালয়/বিভাগ (সকল), সংযুক্ত অধিদপ্তর, সংস্থা ও দপ্তরসমূহ, বিভাগীয় কমিশনার (সকল)<br>জেলা প্রশাসক (সকল),<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>(খ) অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ |
| ১৩. | বিভিন্ন প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠন কর্তৃক টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে এবং ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, দোয়া মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হবে। জেলা প্রশাসন, গোপালগঞ্জ এবং বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ আইন প্রয়োগকারী সংস্থার সহায়তায় এ সকল কর্মসূচির সমন্বয় সাধন এবং শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করবে। মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর ত্যাগ না করা পর্যন্ত কেউ পুষ্পস্তবক অর্পণ করবেন না। | জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, বিভাগীয় কমিশনার, ঢাকা, উপ-পুলিশ মহাপরিদর্শক, ঢাকা, জেলা প্রশাসক, ঢাকা,<br>জেলা প্রশাসক, গোপালগঞ্জ,<br>পুলিশ সুপার, গোপালগঞ্জ,<br>বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ |
| ১৪. | জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে জেলা পরিষদ ও পৌরসভার অংশগ্রহণসহ দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। | স্থানীয় সরকার বিভাগ |

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ১৫. | জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে এবং অধীনস্থ সংস্থা ও দপ্তরে উক্ত কর্মসূচি পালন নিশ্চিত করবে। সকল মন্ত্রণালয়/বিভাগ জুলাই ২০২২ মাসে একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০২২ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| ১৬. | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক সকল গ্রন্থ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম, ইমাম প্রশিক্ষণ কার্যক্রমে পুরস্কার ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং ইসলামিক ফাউন্ডেশন |
| ১৭. | টুঙ্গিপাড়ায় অনুষ্ঠেয় কর্মসূচি বিভাগীয় কমিশনার, ঢাকা ও অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ সমন্বয় করবেন। | অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ ও বিভাগীয় কমিশনার, ঢাকা |
| ১৮. | জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, অর্থ বিভাগ ও স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ |
| ১৯. | জাতীয় শোক দিবসের কর্মসূচি বাস্তবায়ন, পরিবীক্ষণ ও প্রয়োজনীয় সমন্বয় সাধনের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করবে:<br>ক) ৩২ নম্বর ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটি;<br>খ) ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটি; এবং<br>গ) আমন্ত্রণপত্র প্রস্তুত ও বিতরণ সংক্রান্ত কমিটি। | মন্ত্রিপরিষদ বিভাগ |
| ২০. | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার ধানমন্ডি, বনানী ও টুঙ্গিপাড়ার অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করবে। উক্ত সম্প্রচার কার্যক্রম নিরবচ্ছিন্ন রাখার জন্য বিটিসিএল-এর কানেকটিভিটি সচল রাখতে হবে এবং উক্ত তিনটি অনুষ্ঠানস্থলে বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারের জন্য প্রয়োজনীয় স্থান রাখতে হবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ |
| ২১. | বনানী কবরস্থানে মাননীয় প্রধানমন্ত্রীর পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি দেওয়ার সময় অনুষ্ঠানস্থলে স্থানীয় নেতৃবৃন্দসহ সাধারণের প্রবেশ বন্ধ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সশস্ত্র বাহিনী বিভাগ ও ঢাকা মেট্রোপলিটন পুলিশ |
| ২২. | জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব পালনের নিমিত্ত স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এসবি পাশ সংগ্রহ করবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা |
| ২৩. | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবসের সকল কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা |

৩। আন্তঃমন্ত্রণালয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও সমন্বয়ের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে আগস্ট ২০২২ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা অনুষ্ঠিত হবে।

৪। সভাপতি জাতীয় শোক দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ জানান এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহ্বান জানান। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৮.৬.২০২২
(খন্দকার আনোয়ারুল ইসলাম)
মন্ত্রিপরিষদ সচিব

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২২.৫১৯ তারিখ: ১৬ আষাঢ় ১৪২৯ / ৩০ জুন ২০২২

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২. সিনিয়র সচিব/সচিব (সকল).........................................মন্ত্রণালয়/বিভাগ
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ
৪. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ
৫. রাষ্ট্রপতির সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটান পুলিশ
৭. কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকা
৮. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
৯. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর
১০. বিভাগীয় কমিশনার (সকল).........................................বিভাগ
১১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো
১২. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
১৩. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা
১৪. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
১৫. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর
১৬. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
১৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
১৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
১৯. জেলা প্রশাসক (সকল)......................................... জেলা
২০. পুলিশ সুপার, গোপালগঞ্জ জেলা
২১. উপজেলা নির্বাহী অফিসার (সকল)

অনুলিপি: কার্যার্থে/জ্ঞাতার্থে

১. সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ
২. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ
৩. সচিব, সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ

৩০-০৬-২০২২

(মোঃ সাজ্জাদুল হাসান)
উপসচিব
ফোন: ৯৫৪০৯৭১
মোবাইল: ০১৭১১-৩৭২১৫০